দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
রোববার | ৫ জুন ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ২৬৩ সংখ্যা | ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ সাল | ৪ জিলকদ ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

এ গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

# প্রিমিয়ার ভার্সিটিতে আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ অডিটোরিয়ামে আইন বিভাগের অনার্স ৪৮ ও ৪৯ তম ব্যাচের নবীন বরণ ও ৩৬ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান গতকাল শনিবার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও আইন বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস। আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে এতে প্রধান অতিথি বলেন, তোমরা যখন এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিলে, তখন করোনা মহামারী না থাকলেও, পরবর্তীতে তোমাদের অধ্যয়নের দুটি বছর করোনা সংক্রমণের ভেতর দিয়ে গেছে। তখন পুরো বিশ্ব করোনার আতঙ্কে ভয়াবহ অস্থির ছিল। কিন্তু প্রিমিয়ার ইউনিভার্সিটি তখনও অনলাইনের মাধ্যমে শিক্ষাব্যবস্থা অব্যাহত রেখেছিল। তিনি পদ্মাসেতু সম্পর্কে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সততা ও দৃঢ় নিষ্ঠা ছিল বলে সকল বাধা অতিক্রম করে পদ্মাসেতু নির্মাণ সম্ভব হয়েছে। তিনি শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান জানান। ড. অনুপম সেন বলেন, মানুষের প্রয়োজনে, মানবতার প্রয়োজনে প্রাচীনকাল থেকে নতুন নতুন আইন সৃষ্টি হচ্ছে। আজকের মেরিটাইম ল, সাইবার ল হলো



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

নতুন নতুন আইন। ভবিষ্যতেও নতুন নতুন বিষয়ে নতুন নতুন আইন তৈরি হবে। সহকারী অধ্যাপক হুমায়রা নওশিন উর্মির সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আজকে একদিকে নবীন শিক্ষার্থীদের জন্য আমি আনন্দিত ও অন্যদিকে বিদায়ী শিক্ষার্থীদের জন্য বেদনাহত। নতুনদের বরণ করা ও পুরনোদের বিদায় দেওয়া নিয়ম। বিদায়ী শিক্ষার্থীরা কর্মজীবনে সফলতা অর্জন করবে ও নবীনরা তাদের অনুসরণ করে এগিয়ে যাবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে। প্রক্টর আহমদ রাজীব চৌধুরী নবীন শিক্ষার্থীদের শৃঙ্খলা মেনে চলার আহ্বান জানান।সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস আইন বিভাগের সাফল্যের ইতিহাস বিস্তারিতভাবে তুলে ধরেন। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 05 June 2022, Page: 3, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-06-5

চট্টগ্রাম রবিবার ৫ জুন ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ১০৭তম সংখ্যা । । ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ । । ৪ জিলক্বদ ১৪৪৩ হিজরি । । Sunday 5 June 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

গ্রেড A ক্লিংকার
কনফিডেন্স সিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

cleanzy Formulations Ltd.
ক্লিনজি গ্লাস ক্লিনার
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com

*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উপাচার্য ড. অনুপম সেন*

# বর্তমান সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন

## আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স)-এর ৪৮ ও ৪৯ তম ব্যাচের নবীন বরণ ও ৩৬ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গতকাল শনিবার আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও আইন বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস। আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. অনুপম সেন। নবীন শিক্ষার্থীদের স্বাগতম জানিয়ে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা যখন এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিলে, তখন করোনা মহামারী না থাকলেও, পরবর্তীতে তোমাদের অধ্যয়নের দুটি বছর করোনা সংক্রমণের ভেতর দিয়ে গেছে। তখন পুরো বিশ্ব করোনার আতঙ্কে ভয়াবহ অস্থির ছিল। কিন্তু প্রিমিয়ার ইউনিভার্সিটি তখনও অনলাইনের মাধ্যমে শিক্ষাব্যবস্থা অব্যাহত রেখেছিল। আমার বিশ্বাস, তোমরা এ সময়ে আইন শিক্ষা যথাযথভাবে গ্রহণ করেছো। ড. অনুপম সেন আরও বলেন, মানুষের প্রয়োজনে, মানবতার প্রয়োজনে প্রাচীনকাল থেকে নতুন নতুন আইন সৃষ্টি হচ্ছে। আজকের মেরিটাইম ল, সাইবার ল হলো নতুন নতুন আইন। ভবিষ্যতেও নতুন নতুন বিষয়ে নতুন নতুন আইন তৈরি হবে। সহকারী অধ্যাপক হুমায়রা নওশিন উর্মির সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আজকে আমার মিশ্র অনুভূতি কাজ করছে। একদিকে নবীন শিক্ষার্থীদের জন্য আমি আনন্দিত ও অন্যদিকে বিদায়ী শিক্ষার্থীদের জন্য বেদনাহত। অনুষ্ঠানে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলী উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন বক্তব্য রাখছেন*

Ref: Daily Purbokone, Date: 05 June 2022, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-06-5

রবিবার
চট্টগ্রাম
৫ জুন ২০২২
২২ জ্যৈষ্ঠ ১৪২৯
৪ জিলক্বদ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-১৬৬

১০ বছরে
দৈনিক
# পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

শুভ সকাল
আলো জ্বললো পদ্মা সেতুর ল্যাম্প পোস্টে

দশ কথার এক কথা
দলীয় সরকারের অধীনে নির্বাচন চ্যালেঞ্জিং : সাবেক সিইসি নুরুল হুদা

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৬,৬৩৮ মৃত্যু ১,৩৬২

শেষ পাতায়
মুক্তিযুদ্ধে পরাজিত শক্তির এজেন্ডা বাস্তবায়ন করতে চায় বিএনপি




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বরণ ও বিদায়

# বর্তমান সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স)-এর ৪৮ ও ৪৯ তম ব্যাচের নবীনবরণ ও ৩৬ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ৪ জুন সকাল ১১টায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও আইন বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস। আইন বিভাগের চেয়ারম্যান মিসেস তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন শিক্ষার্থীদের স্বাগতম জানিয়ে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা যখন এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিলে, তখন করোনা মহামারী না থাকলেও, পরবর্তীতে তোমাদের অধ্যয়নের দুটি বছর করোনা সংক্রমণের ভেতর দিয়ে গেছে। তখন পুরো বিশ্ব করোনার আতঙ্কে ভয়াবহ অস্থির ছিল। কিন্তু প্রিমিয়ার ইউনিভার্সিটি তখনও অনলাইনের মাধ্যমে শিক্ষাব্যবস্থা অব্যাহত রেখেছিল। আমার বিশ্বাস, তোমরা এসময়ে আইন শিক্ষা যথাযথভাবে গ্রহণ করেছো।

তিনি পদ্মাসেতু সম্পর্কে বলেন, মাননীয় প্রধামন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বলেছেন, সততা ও দৃঢ় নিষ্ঠা ছিল বলে সকল বাধা অতিক্রম করে পদ্মাসেতু নির্মাণ সম্ভব হয়েছে। তিনি শিক্ষার্থীদের ভবিষ্যত জীবনে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যেতে আহ্বান জানান এবং বলেন, শত বাধা-বিপত্তিকে অতিক্রম করে নিজেকে অপরাজিত ভাবতে হবে, জীবনযুদ্ধে জয়ী হওয়ার প্রত্যয় নিয়ে এগিয়ে যেতে হবে।

তিনি আইন সম্পর্কে বলেন, বর্তমান সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন। তিনি আইনকে প্রাচীন বিষয় উল্লেখ করে বলেন, যখন রাষ্ট্র ছিল না, আইন ছিল না, তখন প্রথার মাধ্যমে সমাজ চলেছে। নৃ-গোষ্ঠীরা প্রথার মাধ্যমে তাদের সমস্যার সমাধান করেছে। এখনও আফ্রিকা, আমেরিকা ও এই উপমহাদেশে নৃ-গোষ্ঠী রয়েছে। তাদের আইন নেই। প্রথার মাধ্যমে তারা সমাজ চালায়।

ড. অনুপম সেন আরও বলেন, মানুষের প্রয়োজনে, মানবতার প্রয়োজনে প্রাচীনকাল থেকে নতুন নতুন আইন সৃষ্টি হচ্ছে। আজকের মেরিটাইম ল, সাইবার ল হলো নতুন নতুন আইন। ভবিষ্যতেও নতুন নতুন বিষয়ে নতুন নতুন আইন তৈরি হবে।

সহকারী অধ্যাপক হুমায়রা নওশিন উর্মির সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আজকে আমার মিশ্র অনুভূতি কাজ করছে। একদিকে নবীন শিক্ষার্থীদের জন্য আমি আনন্দিত ও অন্যদিকে বিদায়ী শিক্ষার্থীদের জন্য বেদনাহত। কিন্তু কিছু করার নেই। নতুনদের বরণ করা ও পুরনোদের বিদায় দেওয়া নিয়ম। আমি কামনা করি, বিদায়ী শিক্ষার্থীরা কর্মজীবনে সফলতা অর্জন করবে ও নবীনরা তাদের অনুসরণ করে এগিয়ে যাবে। নবীনদের মনে রাখতে হবে, তারা দেশ ও জাতির ভবিষ্যত।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আইন পড়ে অ্যাডভোকেট ও বিচারক হতে হবে, এমন কোনো কথা নেই। আইন পড়ে আরও বিভিন্ন পেশায় যুক্ত হওয়ার সুযোগ রয়েছে। এসব পেশায় যুক্ত হওয়ার চেষ্টা করতে হবে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে।

প্রক্টর আহমদ রাজীব চৌধুরী নবীন শিক্ষার্থীদের শৃঙ্খলা মেনে চলার আহ্বান জানান। সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস আইন বিভাগের সাফল্যের ইতিহাস বিস্তারিতভাবে তুলে ধরেন। অনুষ্ঠানে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলী উপস্থিত ছিলেন। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 05 June 2022, Page: 3, Col: 1
[https://epurbodesh.com/index.php?date=05-06-2022&page=3](https://epurbodesh.com/index.php?date=05-06-2022&page=3)

চট্টগ্রাম • রোববার • ৫ জুন ২০২২ • ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ • ৪ জিলকদ ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ২৮০ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন : ড. অনুপম সেন ৩

সংবাদ ৪
যুগে যুগে মহামানবরা শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছেন



দেশগ্রাম ৫
পেকুয়ার উজানটিয়া সোনালি বাজার সংযোগ সড়ক নাজুক

বিনোদন
৬ যে কারণে শুটিংয়ে গিয়ে নার্ভাস মেহজাবীন






প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন বক্তব্য রাখছেন

# সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন : ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের বরণ-বিদায়

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স)-এর ৪৮ ও ৪৯ তম ব্যাচের নবীন বরণ ও ৩৬ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

৪ জুন সকালে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও আইন বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস।

আইন বিভাগের চেয়ারম্যান মিসেস তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন শিক্ষার্থীদের স্বাগতম জানিয়ে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা যখন এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিলে, তখন করোনা মহামারী না থাকলেও, পরবর্তীতে তোমাদের অধ্যয়নের দুটি বছর করোনা সংক্রমণের ভেতর দিয়ে গেছে। তখন পুরো বিশ্ব করোনার আতঙ্কে ভয়াবহ অস্থির ছিল। কিন্তু প্রিমিয়ার ইউনিভার্সিটি তখনও অনলাইনের মাধ্যমে শিক্ষাব্যবস্থা অব্যাহত রেখেছিল। আমার বিশ্বাস, তোমরা এসময়ে আইন শিক্ষা যথাযথভাবে গ্রহণ করেছো। তিনি পদ্মাসেতু সম্পর্কে বলেন, প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বলেছেন, সততা ও দৃঢ় নিষ্ঠা ছিল বলে সকল বাধা অতিক্রম করে পদ্মাসেতু নির্মাণ সম্ভব হয়েছে। তিনি শিক্ষার্থীদের ভবিষ্যত জীবনে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যেতে আহ্বান জানান এবং বলেন, শত বাধা-বিপত্তিকে অতিক্রম করে নিজেকে অপরাজিত ভাবতে হবে, জীবনযুদ্ধে জয়ী হওয়ার প্রত্যয় নিয়ে এগিয়ে যেতে হবে।

তিনি আইন সম্পর্কে বলেন, বর্তমান সভ্য সমাজের প্রধানতম ভিত্তি আইন। তিনি আইনকে প্রাচীন বিষয় উল্লেখ করে বলেন, যখন রাষ্ট্র ছিল না, আইন ছিল না, তখন প্রথার মাধ্যমে সমাজ চলেছে। নৃ-গোষ্ঠীরা প্রথার মাধ্যমে তাদের সমস্যার সমাধান করেছে। এখনও আফ্রিকা, আমেরিকা ও এই উপমহাদেশে নৃ-গোষ্ঠী রয়েছে। তাদের আইন নেই। প্রথার মাধ্যমে তারা সমাজ চালায়।

ড. অনুপম সেন আরও বলেন, মানুষের প্রয়োজনে, মানবতার প্রয়োজনে প্রাচীনকাল থেকে নতুন নতুন আইন সৃষ্টি হচ্ছে। আজকের মেরিটাইম ল, সাইবার ল হলো নতুন নতুন আইন। ভবিষ্যতেও নতুন নতুন বিষয়ে নতুন নতুন আইন তৈরি হবে।

সহকারী অধ্যাপক হুমায়রা নওশিন উর্মির সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আজকে আমার মিশ্র অনুভূতি কাজ করছে। একদিকে নবীন শিক্ষার্থীদের জন্য আমি আনন্দিত ও অন্যদিকে বিদায়ী শিক্ষার্থীদের জন্য বেদনাহত। কিন্তু কিছু করার নেই। নতুনদের বরণ করা ও পুরনোদের বিদায় দেওয়া নিয়ম। আমি কামনা করি, বিদায়ী শিক্ষার্থীরা কর্মজীবনে সফলতা অর্জন করবে ও নবীনরা তাদের অনুসরণ করে এগিয়ে যাবে। নবীনদের মনে রাখতে হবে, তারা দেশ ও জাতির ভবিষ্যত।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আইন পড়ে অ্যাডভোকেট ও বিচারক হতে হবে, এমন কোনো কথা নেই। আইন পড়ে আরও বিভিন্ন পেশায় যুক্ত হওয়ার সুযোগ রয়েছে। এসব পেশায় যুক্ত হওয়ার চেষ্টা করতে হবে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে। অনুষ্ঠানে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 05 June 2022, Page: 3, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-06-5